“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের “নৈতিকতা কমিটি’র "২৩/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মোঃ সায়েদুল ইসলাম**<br>**সচিব**<br>**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।** |
| সভার তারিখ | : | **২৩/০৩/২০২১** |
| সময় | : | **বেলা ১২:০০ ঘটিকা।** |
| স্থান | : | **সভাকক্ষ।** |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত ২৯/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য-সচিব উপসচিব (প্রশাসন-১) এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ সভায় উপস্থাপন করেন। অত:পর সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| আলোচ্য সূচি-০১ | ২য় কোর্য়াটার (অক্টোবর-ডিসেম্বর/২০২০) এর নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ৩য় কোয়াটার (জানুয়ারি-মার্চ/২০২১) এ বাস্তবায়িত উত্তম চর্চাসমূহ নিয়ে আলোচনা করা হয়।সভাপতি এ প্রসঙ্গে বলেন, তালিকায় উল্লিখিত উত্তম চর্চাসমূহ শুধু ৩য় কোর্য়াটারে নয় সবসময়ই পালন করা উচিত এবং সকল কর্মকর্তা/কর্মচারীকে পালন করার নির্দেশনা প্রদান করেন।উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। | কর্ম-পরিকল্পনা অনুযায়ী তালিকায় প্রকাশিত উত্তম চর্চাসমূহ সব সময় পালন করতে হবে। | ১।প্রশাসন-১<br>২।সকল কর্মকর্তা /কর্মচারী |
| আলোচ্য সূচি-০২ | **4র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন/২০২১) এ বাস্তবায়িতব্য উত্তম চর্চাসমূহ :**<br>৬) ওয়াশরুম ব্যবহারের পর পরবর্তী ব্যবহারকারীর ব্যবহার করার উপযুক্ত পরিবেশ বজায় রেখে ওয়াশরুম ত্যাগ করা ও ওয়াশরুমে দুর্গন্ধ দূরীকরণে এয়ার-ফ্রেশনার/ন্যাপথালিন ব্যবহার করা;<br>৭) মন্ত্রণালয়ে পত্র গ্রহণ ও প্রেরণ শাখা কর্তৃক বিশেষ ক্ষেত্রে চিঠিপত্র প্রাপ্তিস্বরুপ ‘ধন্যবাদ ’ জ্ঞাপন পত্র প্রদান;<br>৮) অফিসের সরঞ্জামের অপচয় রোধ করে যথাযথ ব্যবহার নিশ্চিত করা;<br>৯) অফিসে ডাস্টবিন ব্যবহারে ব্যক্তি সচেতনতা বৃদ্ধি করা;<br>১০) ওয়াশরুম/করিডোরে উচ্চস্বরে অপ্রেয়োজনীয় কথা না বলা; এবং<br>৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন/২০২১) এ বাস্তবায়িতব্য উত্তম চর্চাসমূহ নিয়ে আলোচনা কালে সভাপতি কর্ম-পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন করার জন্য সকলকে অনুরোধ করেন। | কর্ম-পরিকল্পনা অনুযায়ী উত্তম চর্চাসমূহ বাস্তবায়ন করতে হবে। | ১।প্রশাসন-১<br>২।প্রশাসন-২<br>৩।সকল কর্মকর্তা /কর্মচারী |
| আলোচ্য সূচি-০৩ | কার্যক্রম ৮.৫ শ্রেণিবিন্যাসকৃত নথি বিনষ্ঠকরণ এর লক্ষ্যমাত্রা বাস্তবায়নে মন্ত্রণালয় কর্তৃক ‘জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ কাযক্রম বাস্তবায়ন সংক্রান্ত কমিটি’ গঠন করা হয়েছে এবং সকল শাখা/ অধিশাখার বিনষ্ট্যযোগ্য নথি প্রেরণের জন্য গত তারিখ ১৩/০১/২০২১ পত্র প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা থেকে ২৮টি বিনষ্টযোগ্য নথি প্রশাসন-১ শাখায় প্রেরণ করা হয়েছে। এছাড়া ২০১৯-২০২০ অর্থ বছরের ১০০ টি বিনষ্ট্য যোগ্য নথি প্রশাসন-১ শাখায় রক্ষিত আছে। ৪র্থ কোর্য়াটার (এপ্রিল-জুন/২০২১) শেষে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কমিটি কর্তৃক অধিক যাচাই-বাছাই এর মাধ্যমে চূড়ান্তকরণ ও দ্রুত বিনষ্টকরার বিষয়ে আলোচনা হয় । উপস্থিত সদস্যগণ এবিষয়ে একমত পোষণ করেন। | বিনষ্টযোগ্য নথিসমূহ দ্রুত বিনষ্টকরার ব্যবস্থা গ্রহন করতে হবে। | প্রশাসন-১ শাখা |

| | | | |
|---|---|---|---|
| আলোচ্য সূচি-০৪ | গত ২১ ডিসেম্বর ২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রে মন্ত্রিপরিষদ বিভাগের জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট-এর ১৬ নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্ত : "২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা কাঠামোর ১.১ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'নৈতিকতা কমিটির সভা'-এর জন্য নির্ধারিত নম্বর ৪-এর পরিবর্তে ২ এবং ১.২ ক্রমিকে নির্ধারিত কার্যক্রম 'নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন'-এর জন্য নির্ধারিত নম্বর ৪-এর পরিবর্তে ৬ করার সিদ্ধান্ত গৃহীত হয়।" উল্লিখিত সিদ্ধান্তের বিষয়ে মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি, জাতীয় মহিলা সংস্থা এবং জয়িতা ফাউন্ডেশনকে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করার বিষয়ে আলোচনা হয়।সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মতে কার্যক্রম বাস্তবায়ন করার বিষয়ে মত প্রকাশ করেন। | মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত যথাযথভাবে প্রতিপালন করতে হবে। | ১।প্রশাসন-১ শাখা<br>২।মহিলা বিষয়ক অধিদপ্তর,<br>৩।জয়িতা ফাউন্ডেশন<br>৪।বাংলাদেশ শিশু একাডেমি,<br>৫।জাতীয় মহিলা সংস্থা |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
৩১/০৩/২০২১
(মোঃ সায়েদুল ইসলাম)
সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

নং-৩২.০০০.০০০০.০১৮.১৬.০২৪.২০.১৮১ তারিখ: ০১/০৪/২০২১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, রাপা প্লাজা, ধানমন্ডি, ঢাকা।
২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, দোয়েল চত্বর সড়ক, শহবাগ, ঢাকা।
৪। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।
৫। উপসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সহকারী সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

০১।সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২।অতি: সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

০১।৪।২১
(মোসাঃ ফেরদৌসী বেগম)
উপসচিব (প্রশাসন-১)
ফোন: ৯৫১৫২২৬